

চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা-৭২০০, ফোন: ০২৪৭৭৭৮৭৮৮১

Web: www.chuadangapourashava.org

E-mail: chuadangapourashava@lgd.gov.bd

স্মারক নং- চুয়াঃ পৌঃ প্রশা-১১/২০২৪/১-২০২৬-৫১০

তারিখ: ৩৬/০৭/২০২৬ খ্রিঃ।

“মাসিক সভার নোটিশ”


বিষয়: পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সভার নোটিশ।

চুয়াডাঙ্গা পৌরসভার পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির আগষ্ট’ ২০২৬ মাসের সভা আগামী ২২-০৯-২০২৬ তারিখ রোজ-মঙ্গলবার সকাল: ১১.০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
(বিঃ দ্রঃ কোন প্রতিনিধিকে না পাঠানোর জন্য অনুরোধ করা হলো)।

আলোচ্যসূচী:-

- ০১) পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২) পৌরসভার চলমান কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা।
- ০৩) বিবিধ।



(তিথি মিত্র)

প্রধান নির্বাহী কর্মকর্তা

চুয়াডাঙ্গা পৌরসভা।

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. সিভিল সার্জন, চুয়াডাঙ্গা।
০২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
০৩. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
০৫. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
০৬. জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।
০৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।
০৮. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
০৯. সংশ্লিষ্ট বিভাগ/শাখা প্রধান, চুয়াডাঙ্গা পৌরসভা।

- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১. প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা।



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org

Email- chuadangapourasava@lga.gov.bd

পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সময় কমিটির ২৩তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শারমিন আক্তার, প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্থান : পৌরসভা মিলনায়তন

তারিখ : ২৫-০৮-২০২৬ খ্রি:

সময় : সকাল : ১১.০০ ঘটিকা

সম্মানিত সদস্যদের উপস্থিতির ও স্বাক্ষর- মাসিক সভার হাজিরা রেজিস্টারে সংরক্ষিত।

ক্রমিক নং	সভায় উপস্থিত সদস্য গণের নাম	মন্তব্য
০১	জনাব মোঃ শাহিনুর ইসলাম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা।	উপস্থিতির স্বাক্ষর হাজিরা রেজিস্টার খাতায় সংরক্ষিত
০২	জনাব মোঃ শহিদুজ্জামান, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চুয়াডাঙ্গা।	
০৩	জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা।	
০৪	জনাব মাসুদুর রহমান, উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।	
০৫	জনাব মোঃ আনিসুর রহমান, জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।	
০৬	জনাব মোঃ তাজুল ইসলাম, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চুয়াডাঙ্গা।	
০৭	জনাব অহীন্দ্র কুমার মন্ডল, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।	

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন, আমাদের মাঝে একজন নতুন সদস্য এসেছে তিনি হলেন এলজিইডি, চুয়াডাঙ্গার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ শহিদুজ্জামান। তাকে আমরা স্বাগত জানাচ্ছি। সদ্য যোগদানকৃত নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চুয়াডাঙ্গা সভায় উপস্থিত সকলের সাথে পরিচিত হন এবং কুশলাদি বিনিময় করেন। কুশলাদি ও শুভেচ্ছা বিনিময় শেষে পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়।

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
০১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:- সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তিথি মিত্র বিগত ইং ১৭-০৬-২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য ২১তম সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। তিনি সভায় আরো জানান বিগত ১৬-০৭-২০২৬ তারিখে ২২তম মাসিক সভার কোরাম পূর্ণ না হওয়ায় সভা অনুষ্ঠিত হয় নাই। সুতরাং বিগত ১৭-০৬-২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ২৯-০৬-২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য টিএলসিসি সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	(ক) ২১ তম সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন হয় (খ) শহর সময় কমিটির (টিএলসিসি) সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন হয়।	পৌর পরিষদ
০২	ট্রেড লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা:- ট্রেড লাইসেন্স আদায় নিয়ে আলোচনাকালে সভায় উপস্থিত লাইসেন্স পরিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশ বলেন লাইসেন্স এর কার্যক্রম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। তিনি জুলাই/২০২৬ মাসে লাইসেন্স নবায়ন হয়েছে মোট ১১০৬ টি এবং আয় হয়েছে ৩৫,৯৮,৭৭৪/- টাকা। এছাড়াও তিনি আরো জানান পৌরসভার ঠিকাদারী লাইসেন্স নবায়ন করার জন্য ৩৫ টি এবং নতুন করার জন্য ০৯ টি আবেদন জমা পড়ে। নতুন আবেদন যাচাই-বাছাই করার জন্য যাচাই-বাছাই কমিটির নিকট উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। তিনি আরো জানান গত ইং ২৩-০৬-২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য চুয়াডাঙ্গা জেলা সড়ক নিরাপত্তা কমিটির সভার রেজুলেশন ১২-০৭-২০২৬ তারিখে পৌরসভা প্রাপ্ত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী পৌরসভা কর্তৃক ইজিবাইক পরিচালনার অনুমতি প্রদানের ক্ষেত্রে দৌলতদিয়া গ্রামকে চুয়াডাঙ্গা পৌরসভার আওতাভুক্ত এলাকা হিসেবে বিবেচনা করত: আবেদনকারী পৌর এলাকার নাগরিকত্ব এবং পৌর নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফি গ্রহণপূর্বক অনুমতি প্রদান করতে হবে এবং পৌরসভার ভিতরে চলাচলের জন্য কমলা রং করতে হবে। পাখি ভ্যান ও ব্যাটারী চালিত রিক্সার চলাচলের অনুমতিপত্র নিতে হবে। সভায় এ বিষয়ে আলোচনা হয়। যেহেতু চুয়াডাঙ্গা জেলা সড়ক নিরাপত্তা কমিটি সিদ্ধান্ত নিয়েছে সুতরাং সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে সভা একতম পোষণ করেন।	(১) বকেয়া ট্রেড লাইসেন্স আদায়ে আরো সচেষ্ট হওয়াসহ অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। (২) নতুন ঠিকাদারী লাইসেন্সের যাচাই-বাছাই করার জন্য কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। (৩) গত ইং ২৩-০৬-২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য চুয়াডাঙ্গা জেলা সড়ক নিরাপত্তা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পৌরসভা কর্তৃক ইজিবাইক পরিচালনার অনুমতি প্রদানের ক্ষেত্রে দৌলতদিয়া গ্রামকে চুয়াডাঙ্গা পৌরসভার আওতাভুক্ত এলাকা হিসেবে বিবেচনা করত: আবেদনকারী পৌর এলাকার নাগরিকত্ব এবং পৌর নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফি গ্রহণপূর্বক	লাইসেন্স শাখা

[Signature]

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
		অনুমতি প্রদান করা এবং পৌরসভার ভিতরে চলাচলের জন্য কমলা রং করাসহ চলাচলের অনুমতিপত্র প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৩	পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আলোচনা:- (ক) সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুর্রহমান জানান RUTDP প্রকল্পের কাজ ইতোমধ্যে ৩০% সম্পন্ন হয়েছে এবং কাজের মান সন্তোষজনক। প্রকল্পের কাজের অগ্রগতি কম হওয়ায় সভাতে অসন্তোষ প্রকাশ করা হয়। কাজের অগ্রগতি বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগিদ দেয়ার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। সভাকে তিনি আরো জানান সরকারী উন্নয়ন তহবিলের আওতায় ১৩ টি প্যাকেজের কাজ ইতোমধ্যে শুরু করা হয়েছে। (খ) পৌরসভার উন্নয়ন বিষয়ে আলোচনা কালে নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ শাহিনুর ইসলাম, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা প্রস্তাব করেন যে, আমরা যারা পৌর কার্যসম্পাদনের সহায়ক সদস্য তাদের অফিস সমূহের আগাছা বা জঙ্গল পরিষ্কার করা জরুরী। (গ) পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান জুলাই-২০২৬ মাসে নক্সা অনুমোদন করার জন্য ০৮ টি আবেদন জমা পড়েছে। জুলাই-২০২৬ মাসে নক্সা বাবদ আয় হয়েছে ২,৫৮,৪৫৫/- টাকা। পৌরসভার সার্ভেয়ার জনাব মোঃ আবুল হাসেম বলেন জুলাই-২০২৬ মাসে জমির আইল সীমানা পরিমাপ করা হয়েছে ১৯টি এবং আয় হয়েছে ৫৭,০০০/- টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক বলেন যে, পৌর কর্তৃপক্ষের অনুমোদন বা প্যান বহির্ভূত ভাবে অনেক স্থাপনা এবং ভবন নির্মিত হচ্ছে যা আইনত দণ্ডনীয় অপরাধ। এছাড়াও এ ধরনের কাজের ফলে জনভোগান্তি তৈরী হচ্ছে এবং অনেক অভিযোগ কার্যালয়ে দাখিল হচ্ছে। সকল অভিযোগ সরেজমিনে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নক্সাকার ও সার্ভেয়ারকে নির্দেশনা প্রদান করা হয়। (ঘ) বিদ্যুৎ শাখা: সভায় উপস্থিত সড়কবাতি পরিদর্শক জনাব মোঃ আনিছুর রহমান বলেন জুলাই/২০২৬ মাসে পৌরসভার ০৯টি ওয়ার্ডে সর্বমোট ৩২৩ এলইডি বাল্ব স্থাপন করা হয়েছে। চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে স্থাপিত ৯৫% সড়কবাতি সচল আছে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পোলের সড়কবাতি গুলি সচল রাখার জন্য সড়কবাতি পরিদর্শককে নির্দেশনা দেন।	(ক) প্রকল্পের কাজের অগ্রগতি কম হওয়ায় সভাতে অসন্তোষ প্রকাশ করাসহ কাজের অগ্রগতি বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে দ্রুত কাজ করার তাগিদ দেওয়া। সরকারী উন্নয়ন তহবিলের আওতায় ১৩ টি প্যাকেজের কাজ ইতোমধ্যে শুরু হওয়ায় কাজের গুনগতমান নিশ্চিত করার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। (খ) পৌর কার্যসম্পাদনের সহায়ক সদস্য তাদের অফিস সমূহের আগাছা বা জঙ্গল পরিষ্কার করার জন্য কঞ্জারভেন্সী পরিদর্শককে নির্দেশনা দেওয়া হয়। (গ) পৌর অধিক্ষেত্রের অভ্যন্তরে কোন স্থাপনা বা ভবন নির্মাণের পূর্বে অবশ্যই পৌর কর্তৃপক্ষের সার্ভে সেকশনের মাধ্যমে পরিমাপ পূর্বক ভবন বা স্থাপনা নির্মাণ করা হচ্ছে কিনা তা যাচাইয়ের জন্য নক্সাকার/সার্ভেয়ারকে নির্দেশনা প্রদান করাসহ পৌরসভা থেকে অনুমোদিত বাড়ির প্ল্যানের কাজ বাস্তবায়নের ক্ষেত্রে পৌরসভার নক্সাকার ও সার্ভেয়ারের উপস্থিতিতে লে-আউট দিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। (ঘ) পোলের সেড পাওয়া মাত্রই বিভিন্ন স্থানে রোড লাইট স্থাপন করা চলমান থাকবে। সড়কবাতি গুলি সচল থাকায় পৌরসভার বিদ্যুৎ শাখাকে ধন্যবাদ জানানো হয়।	প্রকৌশল বিভাগ কঞ্জারভেন্সী পরিদর্শক প্রকৌশল বিভাগ/নক্সাকার/সার্ভেয়ার উপ সহকারী প্রকৌশলী/বিদ্যুৎ সুপারভাইজার
০৪	পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনা:- সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার জুলাই, ২৬ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম সভায় জানান যে, জুলাই/২৬ মাসে পানি শাখার গত মাসের জের ২৮,৭৬,২১০/- টাকা এবং চলতি আয় ২০,৮৫,৮০৪/- টাকা। সর্বমোট আয় হয়েছে ৪৯,৬২,০১৪/- টাকা ও চলতি মাসে ব্যয় হয়েছে ২৩,২১,৮৫৮/- টাকা উদ্বৃত্ত জের ২৬,০১৫৬/- টাকা এবং রাজস্ব খাতের গত মাসের জের ২,০১,৬৪,২৯০/- টাকা এবং চলতি মাসের আয় ৮৪,৫২,১১৬/- টাকা, সর্বমোট আয় ২,৮৬,১৬,৪০৭/- টাকা ও চলতি মাসে রাজস্ব খাতের মোট ব্যয় ৫৭,৯৯,৬৬৩/- টাকা উদ্বৃত্ত জের ২,২৮,১৬,৭৪৪/- টাকা। হিসাব রক্ষণ কর্মকর্তা আরো জানান জুন, ২০২৬ মাসের মাসিক সভা ১৬-০৭-২০২৬ তারিখে অনুষ্ঠিত হওয়ার দিন ধার্য থাকলেও কোরাম পূর্ণ না হওয়ায় সভাটি অনুষ্ঠিত হয় নি। তিনি জুন-২০২৬ মাসের আয় ও ব্যয় বিবরণী তুলে ধরেন। জুন, ২০২৬ মাসে মোট রাজস্ব আয় ৫৬,১৪,০২৩/- টাকা এবং ব্যয় ৩২,৯৯,৫২৩/- টাকা এবং পানি সরবরাহ শাখার আয় ৪১,২১৩৪৭/- টাকা ও ব্যয় ৩৩,৯৪,৯৭৩/- টাকা। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত হয়।	কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা ও আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	হিসাব রক্ষণ কর্মকর্তা

Signature

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
০৫	পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা:- সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার চলতি অর্থ বছরের পৌরকরের দাবী ও আদায়ের বিষয়ে জানতে চাইলে অত্র পৌরসভার এ্যাসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম জানান যে, মোট দাবী ৯,০৫,৮৪,৯৪৬/- টাকা এবং জুলাই/২৬ মাসে বকেয়া আদায় ৮,৮৪,০৯০/- টাকা এবং হাল আদায় হয়েছে ১৫,২৬,৪৩৫/- টাকা সর্বমোট আদায় হয়েছে ২৪,১০,৫২৫/- টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পৌরকর আদায়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হওয়ার জন্য নির্দেশনা দেন।	বকেয়া পৌরকর আদায়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে আরো সচেষ্ট হওয়ায় সিদ্ধান্ত গৃহীত হয়।	এসেসর/কর শাখা
০৬	স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সম্পর্কে আলোচনা:- সভায় উপস্থিত পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তিথি মিত্র চুয়াডাঙ্গা পৌরসভা জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান সভায় জানান জুলাই,২৬ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ২৬৮ টি তন্মধ্যে পুরুষ ১৬৬ জন ও নারী ১০২ জন এবং এক বছরের নীচে ৩৭ জন। ৪৫ দিনের মধ্যে শিশু নিবন্ধন ০৮ টি। মৃত্যু নিবন্ধন হয়েছে ৩৭টি তন্মধ্যে পুরুষ ৩৩ জন ও নারী ০৪ জন। শিশু নিবন্ধন কম হওয়ায় সভা অসন্তোষ প্রকাশ করেন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা শিশু জন্ম নিবন্ধন হার বৃদ্ধির জন্য তিনি কিছু দিক নির্দেশনা প্রদান করেন। জন্ম নিবন্ধনে User ID থেকে ২১,৩৫০/- টাকা এবং বিবিধ রশিদের মাধ্যমে ৬৪,১৫০/- টাকা আয় হয়েছে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেন।	জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য আরো দায়িত্বশীল হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়।	সেনেটারী ইন্সপেক্টর/টিকাদান সুপারভাইজার
০৭	ক) স্যানিটেশন সম্পর্কে আলোচনা ও পরিবেশ সম্পর্কিত আলোচনা:- সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন স্যানিটেশন কার্যক্রম সঠিক ভাবে চলমান আছে। পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) জুলাই-২০২৬ ইং মাসে গরু জবেহ করা হয় ১৫৬ টি, ছাগল ৭৮৫ টি। এছাড়াও তিনি পৌর এলাকায় পরিবেশগত ছাড়পত্রের জন্য অনাপত্তিনামার বিষয়ে সভায় আলোচনা করেন।	পরিবেশগত ছাড়পত্রের জন্য অনাপত্তিনামা প্রদানের বিষয়ে পরিবেশগত সুরক্ষা ও বর্জ্য ব্যবস্থাপনা, পাকিং ব্যবস্থা, অগ্নিনির্বাপক ব্যবস্থা সংক্রান্ত (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রতিবেদন গ্রহন সাপেক্ষে অনাপত্তিনামা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সেনেটারী ইন্সপেক্টর
০৮	ক) টিকাদান কর্মসূচী সম্পর্কে আলোচনা:- ক) সভায় টিকাদান কর্মসূচী সম্পর্কে জানতে চাইলে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন জুলাই/২০২৬ মাসে কাজের বিবরণ অত্র সভায় পেশ করেন। বিবরণ :-বিসিজি-২০৭ টি, পেট্টা-১ = ১৯০ টি, পেট্টা-২ = ২৪১ টি, পেট্টা-৩ = ২০৯ টি, পোলিও-১ = ১৯০ টি, পোলিও-২ = ২৪১ টি, পোলিও-৩ = ২০৯ টি, পিসিভি-১ = ১৯০ টি, পিসিভি-২ = ২৪১ টি, পিসিভি-৩ = ২০৯ টি, এম আর-১ = ২৬৮ টি, এম আর-২ = ১৯১, আইপিভি-১ = ২০৯ টি, আইপিভি-২ = ০ টি, টিডি-১ = ১০০ টি, টিডি-২ = ১০১ টি, টিডি-৩ = ১২৮ টি, টিডি-৪ = ১০৭ টি, টিডি-৫ = ১৬০ টি প্রদান করেন। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার টিকাদান কার্যক্রম আরো গতিশীল করার জন্য টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেনকে নির্দেশনা দেন।	টিকাদান কার্যক্রম আরো গতিশীল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	টিকাদান সুপারভাইজার
	খ) ময়লা-আবর্জনা, পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনা: সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার শহরের পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে কঞ্জারভেন্সী পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমানের নিকট জানতে চান। প্রশাসক মহোদয়ের প্রশ্নের জবাবে কঞ্জারভেন্সী পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমান জানান শহরে পরিষ্কার পরিচ্ছন্ন কাজ চলমান আছে। কোন অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিক সমাধানের চেষ্টা করা হয়। এ ছাড়াও তিনি আরো জানান পৌরসভা কর্তৃক মাসিক ওয়ার্ড ভিত্তিক পরিষ্কার-পরিচ্ছন্নতার একটি মডিউল প্রস্তুত করেছে। প্রস্তুতকৃত মডিউল অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্ন কাজ চলমান আছে। ভেদসূচ অন্যান্য মশাবাহিত রোগের প্রাদুর্ভাব রোধ করার জন্য বিশেষ পরিষ্কার পরিচ্ছন্ন কর্মসূচীসহ প্রতিনিয়ত ফগার মেশিন এবং হস্ত চালিত মেশিন দিয়ে শহরের বিভিন্ন স্থানে স্প্রে চলমান আছে।	(১) শহরে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান আছে। কোন অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিক সমাধানের চেষ্টা করা হয়। পৌরসভা কর্তৃক মাসিক ওয়ার্ড ভিত্তিক পরিষ্কার-পরিচ্ছন্নতার মডিউল অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্ন কাজ চলমান রাখাসহ ডেজু ও অন্যান্য মশাবাহিত রোগের প্রাদুর্ভাব রোধ করার জন্য বিশেষ পরিষ্কার পরিচ্ছন্ন কর্মসূচী এবং প্রতিনিয়ত ফগার মেশিন এবং হস্ত চালিত মেশিন দিয়ে শহরের বিভিন্ন স্থানে স্প্রে চলমান রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	কঞ্জারভেন্সী পরিদর্শক

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
০৯	পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনা: সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুল্লাহমান দায়িত্ব প্রাপ্ত (পানি সরবরাহ শাখা) শাখা নিম্ন আকারে জুলাই/২৬ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ০৫ টা, পুনঃ সংযোগ ০২ টা, ডায়া উন্নয়ন ০০ টা, নাম পরিবর্তন ০০ টা, স্থান পরিবর্তন-০০টা, ডায়া কর্তন-০৫ টা (খেলাপি গ্রাহক), ২০২৫-২০২৬ অর্থ বছরে জুলাই/২৬ পর্যন্ত মোট দাবী = ৩,০২,৯২,৮১৪/-টাকা। তন্মধ্যে বকেয়া দাবীর পরিমাণ = ৪৯,২৪,২১৪/-টাকা। জুলাই-২০২৬ মাসে মোট আদায় হয়েছে = ২০,৮৫,৮০৪/-টাকা, তন্মধ্যে জুলাই-২০২৬ মাসে বকেয়া আদায়ের পরিমাণ ৪,৪০,১১৭/-টাকা। কম্পিউটার/লেজার পোষ্টিং ৫,৩৪৯ টা, মোট পানির গ্রাহক সংখ্যা ৮,০৫৫ (কর্তন ১২২৭) মোট = ৬,৮২৫ টি। মোট মটর গ্রাহক সংখ্যা ৯৮৩ টি। উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুল্লাহমান আরো বলেন, সরকার বিদ্যুতের দাম বৃদ্ধি করার কারণে পানি সরবরাহ পাম্পের বিদ্যুৎ বিল পরিশোধ করা সম্ভব হবে না। সে কারণে পানির রেট বৃদ্ধির প্রস্তাব করেন। পানির বকেয়া বিল আদায় সম্ভবজনক না হওয়ায় পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পানির বিল আদায়ের জন্য সংশ্লিষ্ট শাখাকে আরো সক্রিয় হওয়ার জন্য নির্দেশনা দেন।	(১) পানি শাখার আয় বৃদ্ধির জন্য কর্মরত সবাইকে বকেয়া বিল আদায়ের জন্য লাইন কর্তনের কাজ চলমান রাখা এবং আরো দায়িত্বশীল হওয়া জন্য নির্দেশনা প্রদান করা হয়। (২) বকেয়া বিলের কত টাকা আদায় হয়েছে আগামী সভাতে উপস্থাপন করার নির্দেশনা প্রদান করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী/বিলক্লার্ক
১০	বিবিধ-(১) কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া গ্রাচ্যুইটি(ভবিষ্যৎ তহবিল) পরিশোধ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত। (ক) পৌরসভার সকল কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া গ্রাচ্যুইটি(ভবিষ্যৎ তহবিল) পরিশোধ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় স্থানীয় সরকার বিভাগ, পৌর-২ শাখার ইং ১৪-১০-২০২৪ তারিখের ৯৫৪ নং স্মারকে পৌরসভার সকল কর্মকর্তা-কর্মচারীদের ভবিষ্যৎ তহবিল ও আনুতোষিকের অর্থ পরিশোধ করে স্থানীয় সরকার বিভাগকে অবগত করার নির্দেশনা প্রদান সংক্রান্ত পত্রটি সভায় পাঠ করে শুনানো হয়। সভায় অত্র পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা পৌরসভার বকেয়া গ্রাচ্যুইটির হিসাব নিম্নোক্তভাবে তুলে ধরেন- সাধারণ শাখার বকেয়া মে-২০১৬ হতে মার্চ-২০২৪ পর্যন্ত ৪,৭৬,৮০,৬৪০/- (চার কোটি ছিয়াত্তর লক্ষ আশি হাজার ছয়শত পঞ্চাশ) টাকা ও পানি সরবরাহ শাখার বকেয়া মে-২০১৬ হতে মার্চ-২০২৪ পর্যন্ত ২,১০,২২,৩৬৫/- (দুই কোটি দশ লক্ষ বাইশ হাজার তিনশত পয়ষট্টি) টাকা। সর্বমোট বকেয়ার পরিমাণ ৬,৮৭,০৩,০০৫/- (ছয় কোটি সাতাশ লক্ষ তিন হাজার পাচ) টাকা। সভায় বকেয়া গ্রাচ্যুইটি(ভবিষ্যৎ তহবিল) পরিশোধ করার বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় তহবিলের স্বচ্ছলতা স্বাপেক্ষে বকেয়া গ্রাচ্যুইটি (ভবিষ্যৎ তহবিল) পরিশোধ করার জন্য পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তাকে প্রধান করে ৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো। কমিটির অন্যান্য সদস্য হলেন পৌরসভার উপসহকারী প্রকৌশলী ও হিসাব রক্ষণ কর্মকর্তা। কমিটি আগামী ১০ কার্য দিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করিবেন। বিবিধ-(২) (ক) ২০২৫-২৬ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের নগর উন্নয়ন-১ শাখার ১৪ আগষ্ট ২০২৫ তারিখের পরিচালন বাজেটে আবর্তক অনুদান খাতে প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা বরাদ্দকৃত ৪র্থ কিস্তির ৩.৩৭ (তিন লক্ষ সাঁইত্রিশ হাজার) টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থ হতে প্রজনন স্বাস্থ্য সেবা ও পুষ্টিসেবা নিশ্চিত করণের জন্য প্রসূতি মাতাদের পুষ্টি সমৃদ্ধ খাবার সরবরাহ এবং প্রসূতি ও গর্ভবতী মায়েদের মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা। RFQ তথা কোটেশন পদ্ধতিতে প্রসূতি ও গর্ভবতী মায়েদের জন্য পুষ্টি সমৃদ্ধ খাদ্য দ্রব্য, মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। বিবিধ-(৩) নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) সম্পর্কে আলোচনা- (ক) নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) সম্পর্কে আলোচনাকালে সভাকে জানানো হয় প্রকল্পের শর্তানুযায়ী ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য পৌরসভার রাজস্ব বাজেট হতে জেডার সমতা ও সামাজিক অর্ন্তভুক্তিকরন কর্মপরিকল্পনা (GESIAP) খাতে ১%, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কর্মপরিকল্পনা (PRAP) খাতে ১% এবং অপারেশন এ্যান্ড রক্ষণাবেক্ষণ (O&M) খাতে ২৫% বরাদ্দ রাখার বিষয়ে গত ২৯-০৬-	(ক) পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া গ্রাচ্যুইটি (ভবিষ্যৎ তহবিল) পরিশোধ করার জন্য ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো। কমিটি আগামী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে আয়-ব্যয় পর্যালোচনা পূর্বক প্রতিবেদন প্রাপ্তি স্বাপেক্ষে আয় ব্যয় পর্যালোচনা পূর্বক বকেয়া গ্রাচ্যুইটি পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। (ক) RFQ তথা কোটেশন পদ্ধতিতে প্রসূতি ও গর্ভবতী মায়েদের জন্য পুষ্টি সমৃদ্ধ খাদ্য দ্রব্য, মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। (ক) নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) বাস্তবায়ন এবং পৌরসভার আর্থ সামাজিক উন্নয়ন কাজ যথাযথ ভাবে সম্পন্ন করার স্বার্থে নিম্নোক্ত কর্মপরিকল্পনা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়-	হিসাব রক্ষণ কর্মকর্তা টিকাদান সুপার ভাইজার

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
	২০২৬ তারিখে শহর সমন্বয় কমিটি (TLCC)-র সভায় কর্মপরিকল্পনা অনুমোদিত আছে। বিবিধ-(৪) চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলাধীন চুয়াডাঙ্গা পৌরসভার পরিচ্ছন্নতা কর্মীদের জন্য আবাসিক ভবন নির্মাণের লক্ষ্যে জমি অধিগ্রহণের পুনঃ প্রস্তাব করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনায় ৮ নং সুমিরদিয়া মৌজায় পৌরসভার স্যানিটারী ল্যান্ড ফিল্ডের পাশে পরিচ্ছন্ন কর্মীদের আবাসিক ভবন নির্মাণের জন্য স্থান নির্ধারণের জন্য সভায় একমত পোষণ করেন।	(১) জেডার সমতা ও সামাজিক অর্ন্তভুক্তিকরন কর্মপরিকল্পনা (GESIAP) (২) দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কর্মপরিকল্পনা (PRAP) (৩) অপারেশন এ্যান্ড রক্ষনাবেক্ষণ (O&M) (৪) ৮ নং সুমিরদিয়া মৌজায় পৌরসভার স্যানিটারী ল্যান্ড ফিল্ডের পাশে পরিচ্ছন্নতা কর্মীদের আবাসিক ভবন নির্মাণের জন্য জমি অধিগ্রহণের প্রস্তাব নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গাকে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সমাজ উন্নয়ন কর্মকর্তা/উপসহকারী প্রকৌশলী/টিকাদান সুপার ভাইজার সার্ভেয়ার

অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শারমিন আক্তার)

প্রশাসক

চুয়াডাঙ্গা পৌরসভা

তারিখ: ৩১-০৮-২৬ খ্রি.

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৬/৭৬৯/১(১৫)

➤ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

০৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

০৪। প্রকল্প পরিচালক IUGIP এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

৬-১৩। জনাব.....সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

১৪। বিভাগীয়/শাখা প্রধান, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

১৫। অফিস কপি, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

(শারমিন আক্তার)

প্রশাসক

চুয়াডাঙ্গা পৌরসভা।